

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৯.১৭.১৮৩

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯)-এর লিয়েন মঞ্জুর সংক্রান্ত।

সূত্র: ০১। মা.উ.শি অধিদপ্তরের ৩০-০১-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.১৯.০০২.২১.৮ নং স্মারক এবং
০২। জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯)-এর ০১-১২-২০২১ খ্রি. তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০১-১২-২০২১ খ্রি. তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর পূর্বে মঞ্জুরকৃত ০৩ (তিন) বছর ১০ (দশ) মাস ২৯ (উনত্রিশ) দিন লিয়েনের ধারাবাহিকতায় ০১-০১-২০২২ তারিখ হতে ১০-০১-২০২৩ তারিখ পর্যন্ত আরো ০১ (এক) বছর ১০ (দশ) দিনের লিয়েন মঞ্জুরের আবেদন করেছেন। কিন্তু সরকারি কর্মচারী লিয়েন বিধিমালা ২০২১ এর অনুচ্ছেদ ১১ এ (ঝা ও ঞা) বর্ণিত লিয়েন মঞ্জুরের শর্ত মোতাবেক আবেদন না করায় লিয়েন মঞ্জুরের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ের এ বিভাগে প্রেরণ করা হয়নি মর্মে সূত্রোক্ত ০১ নং স্মারক পত্রে উল্লেখ রয়েছে।

০২. এমতাবস্থায়, জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর অনুকূলে পূর্বে মঞ্জুরকৃত ০৩ (তিন) বছর ১০(দশ) মাস ২৯ (উনত্রিশ) দিন লিয়েনের ধারাবাহিকতায় ০১-০১-২০২২ তারিখ হতে ১০-০১-২০২৩ তারিখ পর্যন্ত আরো ০১ (এক) বছর ১০ (দশ) দিনের লিয়েন মঞ্জুরের আবেদন শর্ত মোতাবেক না হওয়ার বিষয়টি আবেদনকারী কর্মকর্তা জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯)-কে অবহিত করা হয়েছিলো কিনা সে বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-২-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৯.১৭.১৮৩/১(৪)

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-২-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)